

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাংলাদেশ পোভার্টি অ্যান্ড লাইভলিহুড স্ট্যাটিস্টিক্স (বিপিএলএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন (৬ষ্ঠ তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd

স্মারক নং- ৫২.০১.০০০০.৭২০.২০.৩৫.০০১.২৫. ৬৯০

তারিখঃ

৩০ পৌষ ১৪৩২

০৪ জানুয়ারি ২০২৬

বিষয়: বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন বিপিএলএস প্রকল্পের আওতায় আসন্ন HIES 2026 জরিপের ইনুমারেটর-কাম-ডাটা-এন্ট্রি অপারেটর নিয়োগ (মূল জরিপের গণনাকারী হিসেবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ১৪ মাসের জন্য) সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাংলাদেশ পোভার্টি অ্যান্ড লাইভলিহুড স্ট্যাটিস্টিক্স (BPLS) প্রকল্পের আওতায় House Income and Expenditure Survey (HIES) 2026 জরিপ পরিচালনার প্রস্তুতি চলমান রয়েছে। প্রকল্পের স্ট্র্যাটিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ০১ জুলাই ২০২৬ থেকে ৩০ জুন ২০২৭ পর্যন্ত অর্থাৎ ০১ (এক) বছর ব্যাপী মাঠ পর্যায়ে এই জরিপের তথ্য-উপাত্ত সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে। উল্লেখ্য, HIES জরিপটি বিবিএস এর অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে বিবেচিত এবং এটি অংশীজনদের নিকট ব্যাপক সমাদৃত। HIES জরিপের প্রগতিপত্র আকারে বৃহৎ ও জটিল প্রকৃতির বিধায় এ জরিপে তথ্যের গুণগত মান নিশ্চিত করতে হলে চৌকস (অধিকতর যোগ্যতা ও দক্ষতা সম্পন্ন) গণনাকারী নিয়োগ করা জরুরি। HIES জরিপের গণনাকারীর জন্য দীর্ঘ মেয়াদে অত্যন্ত গুরুত্বসহকারে প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণটি জুন ২০২৬ নাগাদ অনুষ্ঠিত হবে। তাই ০১ (এক) বছরব্যাপী তথ্য সংগ্রহ কার্যক্রমের মধ্যবর্তী যেকোন সময়ে/ পর্যায়ে গণনাকারী পরিবর্তন/ চলে যাওয়া কাম্য নয়। আলোচ্যক্ষেত্রে যদি তথ্য সংগ্রহ কার্যক্রম চলাকালীন অর্থাৎ মাঝপথে কোন গণনাকারী চলে যায় তার স্থলে নতুন গণনাকারী নিয়োগপূর্বক ও প্রশিক্ষণ প্রদান করে কার্যক্রম পরিচালনা অত্যন্ত চ্যালেঞ্জিং বিষয় হবে।

০২। বিগত সময়ে অর্থাৎ সর্বশেষ HIES 2022 জরিপে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতি অনুসরণপূর্বক প্রত্যেক গণনাকারী ০১টি Laptop ব্যবহার করে তথ্য-উপাত্ত সংগ্রহ করেছে। পূর্বের ধারাবাহিকতায় এবারও CAPI পদ্ধতিতে Tablet ব্যবহার করে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে বিধায় গণনাকারীকে Tab ব্যবহারে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন/ পারদর্শী হওয়া আবশ্যিক।

০৩। বর্ণিতাবস্থায়, অধিকতর যাচাই-বাচাইপূর্বক আসন্ন HIES 2026 জরিপ তথ্যের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে সংযুক্ত প্রয়োজনীয় যোগ্যতা (বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি) এবং ছক মোতাবেক আপনার জেলা হতে সর্বোচ্চ ১০ জন চৌকস ইনুমারেটর-কাম-ডাটা-এন্ট্রি অপারেটর (গণনাকারী) এর নাম আগামী ২৮/০১/২০২৬ তারিখের মধ্যে সুপারিশ করে হার্ডকপি প্রকল্প দপ্তরে এবং সফট কপি ইমেইল: bpls.hies@gmail.com এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। মহাপরিচালক, বিবিএস এর অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।


প্রাপক:

উপপরিচালক/উপপরিচালক(ভা:প্রা:)

উপপরিচালক (অ.দা.)

.....।

জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল)



মো: নাজমুল হক

(উপপরিচালক)

প্রকল্প পরিচালক

ফোন: ০১৯১৭-৩১৬১৭২

E-mail: sobuz179@gmail.com

অনুলিপি: সদয় (জ্ঞাতার্থে) /কার্যার্থে

০১. পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।

০২. যুগ্ম পরিচালক/ যুগ্মপরিচালক(ভা:প্রা:)/ যুগ্মপরিচালক (অ.দা:); বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল)।

০৩. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহাদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।

০৪. স্টাফ অফিসার মহাপরিচালক, বিবিএস (মহাপরিচালক মহাদয়ের সদয় অবগতির জন্য)।

০৫. চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।


০৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাংলাদেশ শোভাটি অ্যান্ড লাইভলিহুড স্ট্যাটিস্টিক্স (বিপিএলএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন (৬ষ্ঠ তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd

বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন বিপিএলএস প্রকল্পের আওতায় আসন্ন HIES 2026 জরিপের ইনুমারেটর-কাম-ডাটা-এন্ট্রি অপারেটরগণের (ইনুমারেটর) যোগ্যতা:

- শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক পাশ (পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি/ আইসিটি বিষয়ে স্নাতক পাশধারীদের অগ্রাধিকার দেয়া হবে);
- বয়স : ৩৩-৪২ বছর (০১/০১/২০২৬ খ্রি. তারিখে);
- অভিজ্ঞতা : ১. Household Income and Expenditure Survey (HIES)/ Multiple Indicator Cluster Survey (MICS)/ Labour Force Survey (LFS) এর তথ্য সংগ্রহ কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে;
২. কম্পিউটার/ ট্যাবলেট/ মোবাইলে ডাটা এন্ট্রি অ্যাপস/ সফটওয়্যার পরিচালনায় পারদর্শীদেরকে অগ্রাধিকার দেয়া হবে;
- জাতীয়তা : বাংলাদেশের স্থায়ী নাগরিক;
- প্রমাণক : শিক্ষাগত যোগ্যতা, বয়স ও জাতীয়তা সংক্রান্ত সকল মূলসনদ প্রমাণক এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে;
- নির্বাচনী পরীক্ষা : নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত, ব্যবহারিক ও ভাইভা মোট ১০০);
[স্ব-স্ব জেলা পরিসংখ্যান কার্যালয় নিজস্ব প্রক্রিয়ায় ১০০ নম্বর (লিখিত-৪০, ব্যবহারিক-৩০, ভাইভা-৩০) এর ভিত্তিতে মূল্যায়ন করবে];
- অঙ্গীকারনামা : বাংলাদেশের যেকোন জেলা/ উপজেলা/ ইউনিয়নে সম্পূর্ণ ০১ (এক) বছরব্যাপী নিরবচ্ছিন্নভাবে তথ্য সংগ্রহে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।


০৪-০১-২০২৬
আকলিমা খাতুন
উপপ্রকল্প পরিচালক
BPLS প্রকল্প, বিবিএস


মো: নাজমুল হক
প্রকল্প পরিচালক
BPLS প্রকল্প, বিবিএস